এ কী হরষ হেরি কাননে ।
পরান আকুল, স্বপন বিকশিত   মোহমদিরাময় নয়নে ॥
ফলে ফুলে করিছে কোলাকুলি, বনে বনে বহিছে সমীরণ
নবপল্লবে হিল্লোল তুলিয়ে—     বসন্তপরশে বন শিহরে ।
কী জানি কোথা পরান মন        ধাইছে বসন্তসমীরণে ॥
ফুলেতে শুয়ে জোছনা   হাসিতে হাসি মিলাইছে ।
মেঘ ঘুমায়ে ঘুমায়ে ভেসে যায়   ঘুমভারে অলসা বসুন্ধরা—
দূরে পাপিয়া পিউ-পিউ রবে     ডাকিছে সঘনে ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Taal Pherta, Raag: Mishra Bahaar
Visit www.geetabitan.com for notation and other detail